



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

প্রকা/ক্রেবি/শাখা-২/অংশ-চা/০১(১০৫)/২০২২-২৩/ ৮৪৩(৮২৩০)

তারিখ : ২৫/০৯/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : চা শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের উদ্দেশ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর
আওতায় ৩য় পর্যায়ে অতিরিক্ত ২০০(দুইশত) কোটি টাকা বরাদ্দ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২২/০৯/২০২২ তারিখের পত্র নং-৯৬৬৫ এর প্রতি সদয়
দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সম্মুখত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা
প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১২০.০০ কোটি টাকা
নির্ধারণ করা হয়েছে।

০৩। সম্প্রতি চায়ের চাহিদা হ্রাস ও নিলামে চায়ের দরপতনের কারণে চা শিল্পের উপর নেতিবাচক প্রভাব পড়েছে। এ খাতে রাজস্ব ও নগদপ্রবাহ বৃদ্ধির
লক্ষ্যে চা শিল্পের শ্রমিকদের মজুরি প্রদান, শ্রমিক ও পোষাদের বিনামূল্যে চিকিৎসা সেবা, রেশন, আবাসন, বিদ্যুৎ ও পানীয় জল সরবরাহ কার্যক্রম সচল
রাখা এবং সর্বোপরি আসন্ন দুর্গাপূজার বোনাস প্রদানসহ বাংলাদেশের চা বাগানসমূহের উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে চা শিল্পে নতুনভাবে
অর্থায়ন প্রয়োজন। এ বিবেচনায় চা শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের উদ্দেশ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ৩য় পর্যায়ে অতিরিক্ত
২০০(দুইশত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৪। চা শিল্পের অর্থায়নের জন্য নতুনভাবে বরাদ্দকৃত ২০০.০০ কোটি টাকা ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

- আলোচ্য প্যাকেজের আওতায় শুধুমাত্র চা শিল্পে প্রদেয় চলতি মূলধন ঋণের বিদ্যমান সীমা ৩০ শতাংশ হতে সর্বোচ্চ ৬০ শতাংশে উন্নীত
করা যাবে।
- আলোচ্য প্যাকেজের আওতায় ১ম এবং/অথবা ২য় পর্যায়ে চা শিল্পের সাথে জড়িত ঋণগ্রহীতা কর্তৃক তাদের চলতি মূলধন ঋণসীমার ৩০
শতাংশ গ্রহণ করা হয়ে থাকলেও উক্ত ঋণগ্রহীতাগণ ৬০ শতাংশ (অতিরিক্ত ৩০ শতাংশ) পর্যন্ত ঋণসুবিধা গ্রহণ করতে পারবে। তবে, যারা
অদ্যাবধি প্যাকেজের আওতায় ঋণসুবিধা সুবিধা গ্রহণ করেননি সেসকল ঋণগ্রহীতাকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- একজন গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ১২(বারো) মাসের জন্য সুদ ভর্তুকি প্রাপ্য হবেন।
- এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং- ০৮/২০২০, সংশ্লিষ্ট সার্কুলার লেটার ও এতদসংক্রান্ত অন্যান্য পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা
অপরিবর্তিত থাকবে।

০৫। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ২২/০৯/২০২২ তারিখের পত্র নং-৯৬৬৫ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ
করা হলো। এমতাবস্থায়, পত্রের নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯

তারিখ : ২৫/০৯/২০২২

প্রকা/ক্রেবি/শাখা-২/অংশ-চা/০১(১০৫)/২০২২-২৩/ ৮৪৩(৮২৩০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের
অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

সূত্র: বিআরপিডি (পি)/৬৬১/১৩/২০২২-৯৬৬৫

তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**চা শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের উদ্দেশ্যে ৩য় পর্যায়ে
অতিরিক্ত ২০০ (দুই শত) কোটি টাকা বরাদ্দকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ০৬ সেপ্টেম্বর ২০২২ তারিখের পত্র সূত্র নং-প্রকা/ক্রঃবিঃ/শাখা-২/অংশ-চা/০১(০৫)/২০২২-২০২৩/৬৬০, বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ: ১২ এপ্রিল ২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১ তারিখ: ২৮ জুলাই ২০২২ এবং এ বিভাগের পত্র নং- বিআরপিডি-১(এসএমইউ)/৯০৪(২)/২০২২-৭৬৫০ তারিখ: ৩১ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখ্য, কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলার লক্ষ্যে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমন্বিত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে আপনাদের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরের ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১২০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে যা বিগত ৩১ জুলাই ২০২২ তারিখে এ বিভাগের পত্র নং- বিআরপিডি-১(এসএমইউ)/৯০৪(২)/২০২২-৭৬৫০ এর মাধ্যমে আপনাদেরকে অবহিত করা হয়েছে।

০৩। সম্প্রতি চায়ের চাহিদা হ্রাস ও নিলামে চায়ের দরপতনের কারণে চা শিল্পের উপর নেতিবাচক প্রভাব পড়েছে। এ খাতে রাজস্ব ও নগদপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে চা শিল্পের শ্রমিকদের মজুরি প্রদান, শ্রমিক ও পোষ্যদের বিনামূল্যে চিকিৎসা সেবা, রেশন, আবাসন, বিদ্যুৎ ও পানীয় জল সরবরাহ কার্যক্রম সচল রাখা এবং সর্বোপরি আসন্ন দুর্গাপূজার বোনাস প্রদানসহ বাংলাদেশের চা বাগানসমূহের উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে চা শিল্পে নতুনভাবে অর্থায়ন প্রয়োজন। এ বিবেচনায় চা শিল্পে চলতি মূলধন ঋণ সরবরাহের উদ্দেশ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর আওতায় ৩য় পর্যায়ে আপনাদেরকে অতিরিক্ত ২০০ (দুই শত) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হলো।

০৪। প্রসঙ্গত উল্লেখ্য যে, ইতোমধ্যে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর ৩য় পর্যায়ে ঘোষিত প্যাকেজের আওতায় ৩১ জুলাই ২০২২ তারিখে এ বিভাগের পত্র নং- বিআরপিডি-১(এসএমইউ)/৯০৪(২)/২০২২-৭৬৫০ মাধ্যমে আপনাদের অনুকূলে ১২০ কোটি টাকা সীমা নির্ধারণ করা হয়। ফলে, চা-শিল্পের অর্থায়নের নিমিত্ত এ প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের পূর্ব নির্ধারিত সীমার সাথে নতুনভাবে বরাদ্দকৃত অতিরিক্ত ২০০.০০ কোটি টাকা বৃদ্ধিপূর্বক সর্বমোট ৩২০.০০ কোটি টাকা পুনঃনির্ধারিত হবে।

(Signature)

চলমান পাতা/২



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

-২-

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

০৫। চা শিল্পের অর্থায়নের জন্য নতুনভাবে বরাদ্দকৃত ২০০.০০ কোটি টাকা ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে :

- (ক) আলোচ্য প্যাকেজের আওতায় শুধুমাত্র চা শিল্পে প্রদেয় চলতি মূলধন ঋণের বিদ্যমান সীমা ৩০ শতাংশ হতে সর্বোচ্চ ৬০ শতাংশে উন্নীত করা যাবে।
- (খ) আলোচ্য প্যাকেজের আওতায় ১ম এবং/অথবা ২য় পর্যায়ে চা শিল্পের সাথে জড়িত ঋণগ্রহীতা কর্তৃক তাদের চলতি মূলধন ঋণসীমার ৩০ শতাংশ গ্রহণ করা হয়ে থাকলেও উক্ত ঋণগ্রহীতাগণ ৬০ শতাংশ (অতিরিক্ত ৩০ শতাংশ) পর্যন্ত ঋণসুবিধা গ্রহণ করতে পারবে। তবে, যারা অদ্যাবধি প্যাকেজের আওতায় ঋণসুবিধা সুবিধা গ্রহণ করেননি সেসকল ঋণগ্রহীতাকে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- (গ) একজন গ্রাহকের অনুকূলে ঋণ বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ১২(বারো) মাসের জন্য সুদ ভর্তুকি প্রাপ্য হবেন।
- (ঘ) এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০; সংশ্লিষ্ট সার্কুলার লেটার ও এতদসংক্রান্ত অন্যান্য পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(মাকসুদা বেগম)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২